বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৮৩৫/১৮

তারিখঃ ১৭/০৯/২০১৮ খ্রিঃ
০২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/সকল উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: শাখায় মহিলা গ্রাহক সেবা সপ্তাহ পালন প্রসঙ্গে।

বাংলাদেশের বিপুল জনগোষ্ঠীর অর্ধেকই নারী। নারীদের অর্থনৈতিক কর্মকান্ডের বাইরে রেখে দেশের উন্নয়ন সম্ভব নয়। নারী শিক্ষা প্রসার, নারী পুরুষের বৈষম্য দুরীকরণ, নারী নির্যাতন বন্ধ, নারী পাচার রোধ, কর্মক্ষেত্রে নারীদের নিরাপত্তা বিধান বিশেষ করে নারীর ক্ষমতায়নের জন্য দেশের অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় তাদের সম্পৃক্তকরণ আবশ্যক। এ লক্ষ্যে জনতা ব্যাংক লিমিটেড সার্বিক ব্যাংকিং কর্মকান্ডে গতিশীলতা আনয়নে আমানত সংগ্রহ ও ঋণ দান কার্যক্রম সুসংহত করার পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে সকল শাখায় প্রত্যেক মাসের ৩য় সপ্তাহে মহিলা গ্রাহক সেবা সপ্তাহ পালন করার উদ্যোগ গ্রহণ করেছে।

মহিলা গ্রাহক সেবা সপ্তাহের উদ্দেশ্য হলো:

- অর্থনৈতিক স্বাধীকার অর্জনে বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা;
- মহিলাদের সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করা;
- বিভিন্ন আয় উৎসারী কার্যক্রমে অংশগ্রহণে আগ্রহী করে তোলা;
- ডিপোজিট হিসাব খুলতে উদ্বুদ্ধকরণ;
- আত্মকর্মসংস্থান ও বিভিন্ন আয় বর্ধক ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনায় ঋণ গ্রহণে উদ্বুদ্ধ করা;
- মহিলা উদ্যোক্তা উন্নয়নে উদ্বুদ্ধ করা।

মহিলা গ্রাহক সেবা সপ্তাহ আয়োজনে শাখা/এরিয়া অফিস/বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয়ের করনীয়:

১. শাখার সামনে দৃশ্যমান স্থানে ব্যানার টানানো;
ব্যানারের নমুনা:

> **জনতা ব্যাংক লিমিটেড**
> **মহিলা গ্রাহক সেবা সপ্তাহ**
> তারিখঃ-------হতে -------
>
> এ সপ্তাহে ব্যাংকের মহিলা গ্রাহক ও সম্ভাব্য গ্রাহকদের নিম্লোক্ত বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ, তাদের জিজ্ঞাসার জবাব এবং তথ্য অবহিতকরণসহ সার্বিক সহযোগিতা প্রদান করা হবে।
>
> - ব্যাংকের বিভিন্ন সেবা, আমানত ও অগ্রিম;
> - মহিলা উদ্যোক্তা উন্নয়ন;
> - গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ ও অন্যান্য সেবামূলক কার্যক্রম।

২. উপস্থিত মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান ও হালকা আপ্যায়নের ব্যবস্থা;
৩. মহিলা গ্রাহক সেবা সপ্তাহ পালনের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে তাদের অবহিত করা:
৪. জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক মহিলাদের জন্য প্রণীত ক্রেডিট প্রোডাক্ট ও ডিপোজিট প্রোডাক্ট সম্পর্কে অবহিত করা এবং এর সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা;

চলমান পাতা-০২

বিষয়: শাখায় মহিলা গ্রাহক সেবা সপ্তাহ পালন প্রসঙ্গে।

৫. এ সপ্তাহ পালন শেষে শাখা মাসিকভিত্তিতে প্রতিবেদন তেরী করে এরিয়া অফিসে প্রেরণ করবে, এরিয়া অফিস একীভূত প্রতিবেদন ও কর্পোরেট-১ শাখা বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় সকল প্রতিবেদন সংক্ষিপ্তরূপে একীভূত করে অগ্রগতিসহ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টে প্রেরণ নিশ্চিত করবে।

৬. সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত বিবরণী পর্যালোচনা করত: এর অগ্রগতি সম্পর্কে পরিচালনা পর্ষদকে অবহিত করবে।

জনতা ব্যাংক লিমিটেড নারীদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য ইতোমধ্যে মহিলা উদ্যোক্তা ঋণ, হাঁস-মুরগি পালন, গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ, কুটিরশিল্প/হস্তশিল্পসহ বিভিন্ন আয় উৎসারী ঋণ প্রকল্প গ্রহণ করেছে যেমন:

ক) গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ (সুদ হার ৯.০০%)
কর্মসূচী নীতিমালা ও ঋণ নিয়মাচার, অক্টোবর ২০১৪
আরসিডি সার্কুলার-৪২/১৪, তারিখ: ২৬/০১/২০১৪

খ) মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ (সুদ হার ৯.০০%)
আরসিডি সার্কুলার-০৯/০৮, তারিখ: ২৯/০৪/২০০৮

গ) নারী উদ্যোক্তাদের বিশেষ ঋণ (পুন:অর্থায়ন স্কিমের আওতায়, সুদ হার ব্যাংক রেট+৪.০০%)
নির্দেশ বিজ্ঞপ্তি নং-২৩৩, তারিখ: ০৫/০৯/২০১০।

এছাড়া সঞ্চয়ের মাধ্যমেও নারীদের অধিকতর স্বাবলম্বী করার মধ্য দিয়ে দেশের আর্থ-সামাজিক উন্নয়নকে টেকসই করার সুযোগ রয়েছে।

সামগ্রিকভাবে এসকল বিষয়ে মহিলা গ্রাহক ও সম্ভাব্য গ্রাহকদের অভ্যর্থনা, প্রয়োজনীয় পরামর্শ ও সার্বিক সহযোগিতা প্রদানের মাধ্যমে সার্কুলার জারীর মাস হতে প্রতি মাসের ৩য় সপ্তাহে সকল শাখায় ''মহিলা গ্রাহক সেবা সপ্তাহ" পালনের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরামর্শ প্রদান করা হলো।

মোঃ মুজিবুর রহমান মোল্লা
সহকারী মহাব্যবস্থাপক

খন্দকার আতাউর রহমান
মহাব্যবস্থাপক